

পরীক্ষা

দাখিলের ফরম পূরণ ৩০ জানুয়ারি পর্যন্ত

নিজস্ব প্রতিবেদক ঢাকা



দাখিল পরীক্ষার ফরম পূরণের সময় বাড়ানো হয়েছে। ১০০ টাকা জরিমানা বা বিলম্ব ফি দিয়ে ৩০ জানুয়ারি পর্যন্ত অনলাইনে ফরম পূরণের সুযোগ পাবে শিক্ষার্থীরা। ৩১ জানুয়ারি পর্যন্ত দাখিলের ফরম পূরণের ফি জমা দিতে পারবে শিক্ষার্থীরা। ১৬ জানুয়ারি পর্যন্ত দাখিলের ফরম পূরণ ও ১৭ জানুয়ারি পর্যন্ত টাকা জমা দেওয়ার শেষ দিন ছিল। এক বিজ্ঞপ্তিতে ফরম পূরণের সময় বাড়ানোর কথা জানিয়েছে [মাদ্রাসা শিক্ষা বোর্ড](#)।

বিজ্ঞাপন

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২০২৩ সালের দাখিল পরীক্ষার বিলম্ব ফিসহ ফরম পূরণের সময় ৩০ জানুয়ারি পর্যন্ত বৃদ্ধি করা হলো। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩১ জানুয়ারি। গত বছরের ১৮ ডিসেম্বর এসএসসি ও দাখিল পরীক্ষার ফরম পূরণ শুরু হয়। জরিমানা ছাড়া ৪ জানুয়ারি পর্যন্ত ফরম পূরণের সুযোগ পেয়েছিল শিক্ষার্থীরা। আর ১০০ টাকা বিলম্ব ফি বা

By using this site, you agree to our Privacy Policy. OK

জরিমানা দিয়ে ৭ থেকে ৯ জানুয়ারি পর্যন্ত এসএসসির ফরম পূরণের সুযোগ দেওয়া হয়েছিল। সে সময় প্রথম দফায় ১৬ জানুয়ারি পর্যন্ত দাখিলের ফরম পূরণের সময় বাড়ানো হয়। ফরম পূরণের সময় ৩০ জানুয়ারি পর্যন্ত আবার বাড়ানো হলো।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো